দৈনিক ইত্তেফাক

039

তারিখ ...11 OCT 1988...
পৃষ্ঠা ...3... কলাম ...7...

পরীক্ষায় দুর্নীতির দায়ে শাস্তিমূলক ব্যবস্থা

যশোর, ৯ই অক্টোবর (আবাসিক প্রতিনিধি)—এ বছরের এইচ এস সি পরীক্ষায় ব্যাপক দুর্নীতির অভিযোগে যশোর শিক্ষাবোর্ডের পরীক্ষা কমিটি পটুয়াখালী জেলার গৌরনদী উপজেলার কেশবপুর কলেজের সকল পরীক্ষার্থী এবং পরিদর্শকদের বিরুদ্ধে শাস্তিমূলক

(৪র্থ পৃঃ দ্রঃ)

পরীক্ষায় দুর্নীতির দায়ে

(৩য় পৃঃ পর)

ব্যবস্থা এবং কলেজের স্বীকৃতি প্রত্যাহারের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ইতিমধ্যে উক্ত কলেজের অধ্যাপক ও অধ্যাপিকাদের বেতন সহায়তাসহ যাবতীয় সরকারী অনুদান স্থগিতকরণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সুপারিশ করিয়াছেন।

বোর্ডের একটি সূত্র জানায়, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে এ বছর এইচ এস সি পরীক্ষা দুর্নীতিমুক্তভাবে অনুষ্ঠানের জন্য বিশেষ করিয়া সংশ্লিষ্ট কলেজসমূহের শিক্ষক-শিক্ষিকাদের সহযোগিতা কামনা করা হয়। কিন্তু বোর্ডের আওতাধীন কতিপয় কলেজ কর্তৃপক্ষ উক্ত আহ্বান উপেক্ষা করিয়া পরীক্ষায় অসদুপায় অবলম্বনের ক্ষেত্রে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহায়তা করেন। তন্মধ্যে কেশবপুর কলেজ অন্যতম।

সূত্রটি জানায়, ১৪ই জুন ইংরাজী দ্বিতীয়পত্রের পরীক্ষা চলাকালে অসদুপায় অবলম্বনে বাধা দেওয়ায় উক্ত কলেজ কেন্দ্রের পরীক্ষার্থীরা সংঘবদ্ধ হইয়া সংশ্লিষ্ট কর্তব্যরত ম্যাজিষ্ট্রেটকে লাঞ্ছিত করে। ইহাছাড়া ঐ দিন বোর্ড হইতে প্রেরিত একটি বিশেষ পরিদর্শক দলের সদস্যদেরও দায়িত্ব পালনে বাধা দেওয়া হয়। পরে উক্ত পরিদর্শকদল ঐ কেন্দ্রে আইন-শৃঙ্খলা পরিস্থিতি অবনতি এবং গণটোকাটুকির ব্যাপারে পরিদর্শকদের ইঙ্গিত ছিল বলিয়া রিপোর্ট পেশ করেন। এ ব্যাপারে পটুয়াখালী জেলার এ,ডি,সি, (জেনারেল)কে আহ্বায়ক করিয়া তিন সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়।